# ড্রাইভিং লাইসেন্স

সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির জন্য কোনো ব্যক্তিকে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করতে হবে, যথা:-

(ক) অপেশাদার ড্রাইভিং লাইসেন্সের ক্ষেত্রে বয়স অন্যূন ১৮ (আঠারো) বৎসর এবং পেশাদার ড্রাইভিং লাইসেন্সের ক্ষেত্রে বয়স অন্যূন ২১ (একুশ) বৎসর;
(খ) অন্যূন অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;
(গ) শারীরিক ও মানসিকভাবে সক্ষম;
(ঘ) মোটরযান চালনার যোগ্যতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ; এবং
(ঙ) বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য শর্ত ।

## লার্নার লাইসেন্স বা শিক্ষানবীস ড্রাইভিং লাইসেন্স

ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীকে উপরিউক্ত শর্ত পূরণ সাপেক্ষে প্রথমে লার্নার বা শিক্ষানবীস ড্রাইভিং লাইসেন্সের জন্য নিম্নোক্ত কাগজপত্রের স্ক্যানকৃত কপিসহ বিআরটিএ সার্ভিস পোর্টালের (bsp.brta.gov.bd) মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনের পর ফি প্রদান সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে সিস্টেম থেকে পরীক্ষার তারিখ এবং সময়সহ লার্নার বা শিক্ষানবীস ড্রাইভিং লাইসেন্স ইস্যু হবে, যা আবেদনকারীকে প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

**লার্নার বা শিক্ষানবীস ড্রাইভিং লাইসেন্সের জন্য প্রয়োজনীয় কাগজপত্র এবং ফি**

১। আবেদনকারীর ছবি (সাইজ ৩০০×৩০০ পিক্সেল, সর্বোচ্চ ১৫০ কিলোবাইট)।
২। বিআরটিএ নির্ধারিত ফরমে রেজিস্টার্ড ডাক্তার কর্তৃক প্রদত্ত মেডিকেল সার্টিফিকেট (সাইজ সর্বোচ্চ ৬০০ কিলোবাইট)।
৩। জাতীয় পরিচয়পত্র (সাইজ সর্বোচ্চ ৬০০ কিলোবাইট)।
৪। আবেদনকারীর ঠিকানা গাইবান্ধা জেলার বাহিরে হলে গাইবান্ধা জেলায় বসবাসের প্রমাণপত্র হিসেবে ইউটিলিটি বিলের কপি/চাকুরীজীবী হলে অফিসিয়াল প্রত্যায়নপত্র/পৌরসভা বা ইউনিয়ন পরিষদের মেয়র প্রদত্ত প্রত্যায়নপত্র (সাইজ সর্বোচ্চ ৬০০ কিলোবাইট)।
৫। ড্রাইভিং লাইসেন্স নবায়ন/ শ্রেণি পরিবর্তন/শ্রেণি সংযোজন/লাইসেন্সের ধরণ পরিবর্তন ইত্যাদি ক্ষেত্রে বিদ্যমান ড্রাইভিং লাইসেন্স।
৬। শিক্ষাগত যোগ্যতার সনদ (ন্যূনতম অষ্টম শ্রেনি)।
৭। নির্ধারিত ফি এক ক্যাটাগরী ৩৪৫ টাকা, ২ ক্যাটাগরী ৫১৮ টাকা (বিকাশ,রকেট, ডিবিবিএল ভিসা কার্ড অথবা বিআরটিএ সার্ভিস পোর্টালে উল্লিখিত পদ্ধতিতে পরিশোধ করতে হবে)।

পরীক্ষার সময় প্রিন্টকৃত (রঙিন) লার্নার বা শিক্ষানবীস ড্রাইভিং লাইসেন্সের সাথে ক্রমিক নং ২,৩,৪,৫ এর মূলকপি এবং ৬ নং এর মূলকপি/সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।

লিখিত, মৌখিক এবং ফিল্ড টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ হলে প্রার্থীকে অফিস থেকে ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার সময় জমা দেওয়া লার্নার বা শিক্ষানবীস ড্রাইভিং লাইসেন্স ফেরৎ নিয়ে স্মার্টকার্ড ড্রাইভিং লাইসেন্সের জন্য নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদন জমা দিতে হবে।

## স্মার্টকার্ড ড্রাইভিং লাইসেন্সের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

১। নির্ধারিত ফরম আবেদন।
২। নির্ধারিত ফি (পেশাদার ১৬৭৯ টাকা, অপেশাদার ২৫৪২ টাকা) বিআরটিএ'র নির্ধারিত ব্যাংকে জমা দানের রশিদ এবং এককপি A4 সাইজ ফটোকপি।
৩। লার্নারের মূলকপি এবং উভয়পৃষ্ঠার এক পৃষ্ঠায় ফটোকপি (A4 সাইজ) ।
৪। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
৫। শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি।
৬। পেশাদার ড্রাইভিং লাইসেন্সের জন্য পুলিশি তদন্ত প্রতিবেদন।
৭। বিআরটিএ নির্ধারিত ফরমে রেজিস্টার্ড ডাক্তার কর্তৃক প্রদত্ত মেডিকেল সার্টিফিকেট।
৮। আবেদনকারীর ঠিকানা গাইবান্ধা জেলার বাহিরে হলে গাইবান্ধা জেলায় বসবাসের প্রমাণপত্র হিসেবে ইউটিলিটি বিলের কপি/চাকুরীজীবী হলে অফিসিয়াল প্রত্যায়নপত্র/পৌরসভা বা ইউনিয়ন পরিষদের মেয়র প্রদত্ত প্রত্যায়নপত্র (সাইজ সর্বোচ্চ ৬০০ কিলোবাইট)।

আবেদন জমা দেয়ার সময় অফিস থেকে আবেদনকারীকে বায়োমেট্রিক (ডিজিটাল ছবি, স্বাক্ষর এবং আঙ্গুলের ছাপ) প্রদানের তারিখ এবং সময় জানিয়ে দেয়া হবে। নির্ধারিত দিনে বায়োমেট্রিক (ডিজিটাল ছবি, স্বাক্ষর এবং আঙ্গুলের ছাপ) সম্পন্ন করলে গ্রাহককে একটি প্রাপ্তি স্বীকারপত্র দেওয়া হবে। স্মার্টকার্ড প্রিন্টিং সম্পন্ন হলে গ্রাহককে তা সংগ্রহের জন্য এসএমএসের মাধ্যমে অবহিত করা হবে।

# ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ

পেশাদার ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ ০৫ বছর , অপেশাদার ড্রাইভিং লাইসেন্সের মেয়াদ ১০ বছর।

সকল ধরনের ফরম এই ওয়েব পোর্টালের ফরম মেনুতে পাওয়া যাবে।